আজকের কাগজ

তারিখ ... 04.OCT. 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ২

ময়মনসিংহে 'বাংলাদেশে শিক্ষা ব্যবস্থা' শীর্ষক সেমিনার

# আজকের ছাত্রছাত্রিরা মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস নিয়ে দ্বিধাবিভক্ত

শিক্ষা ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের কেন্দ্রীয় উপদেষ্টা পর্ষদের সমন্বয়ক এবং গণসাহায্য সংস্থার নির্বাহী পরিচালক ডঃ ফ র মাহমুদ হাসান বলেছেন, আজকের ছাত্রছাত্রিরা তাদের নিজেদের পরিচয় জানে না। মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস নিয়ে দ্বিধাবিভক্ত। রাজনৈতিক কারণে শিক্ষর্থিদের ব্যবহার করার জন্যে তারা নিজেদের সমস্যা নিয়ে স্বাধীনভাবে কাজ করতে পারছে না। তিনি রাজনৈতিক নেতাদের পাশাপাশি সাধারণ সমাজকে সংগঠিত হয়ে দেশে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করার আহবান জানান। ডঃ হাসান গত ২৩ সেপ্টেম্বর শিক্ষা ও সংস্কৃতি চর্চা কেন্দ্র, ময়মনসিংহ আয়োজিত 'বাংলাদেশে শিক্ষা ব্যবস্থা' শীর্ষক সেমিনার এবং কৃতি ছাত্রছাত্রিদের সংবর্ধনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। ময়মনসিংহ মুকুল নিকেতনের প্রধান শিক্ষক অধ্যাপক আমীর আহাম্মদ চৌধুরী রতনের সভাপতিত্বে সেমিনারে প্রবন্ধ পাঠ করেন বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক জুলফিকার রফিক রঞ্জু। আলোচনা করেন ময়মনসিংহ আনন্দমোহন কলেজের অধ্যক্ষ প্রফেসর একেএম শামসুল ইসলাম, ময়মনসিংহ শিক্ষক সমিতির সভাপতি ও মৃত্যুঞ্জয় স্কুলের প্রধান শিক্ষক আহমেদ সালেক, কেবিআই কলেজের অধ্যক্ষ মিসেস সালেহা আক্তার ও বিশ্ববিদ্যালয় শিক্ষক ফেডারেশনের সাবেক সভাপতি প্রফেসর মনসুরুল আমীন। আলোচক রঞ্জু বলেন, স্বার্থবাদী এবং মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তির হাত থেকে শিক্ষাঙ্গন এবং ছাত্র সমাজকে রক্ষা করে একটি বাস্তবধর্মী শিক্ষানীতি প্রণয়ন করতে হবে। সেমিনার শেষে কৃতি ছাত্রছাত্রিদের মধ্যে পুরস্কার বিতরণ করেন শিক্ষা ও সংস্কৃতি চর্চা কেন্দ্রের উপদেষ্টা পর্ষদের আহবায়ক ও মহিলা পরিষদ নেত্রী সোফিয়া করিম। ময়মনসিংহ থেকে শরীফুজ্জামান টিটু।